জমি / বাড়ি / ফ্ল্যাট

জমি / বাড়ি / ফ্ল্যাট/ দোকান / গ্যারেজ / অফিস - "কিনতে" অথবা "বিক্রি" করতে চাইলে যোগাযোগ করুন - 9062867921

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

হলি ডে হোম বুকিং

পশ্চিমবঙ্গ সহ ভিন রাজ্যের বিভিন্ন দর্শনীয় ভ্রমণের জায়গায় হোটেল,রিসোর্ট,হোম স্টে সহজেই বুকিং করতে যোগাযোগ করুন "এই যুগ" অফিসে।

ফোন নং : ৯০৬২৮৬৭৯২১

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 26 SEPTEMBER 2025 ,FRIDAY | ২৬ সেপ্টেম্বর ২০২৫ ,শুক্রবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-405

## পুজো গাইড প্রকাশ করলেন পুলিশ সুপার



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ২৫ সেপ্টেম্বর :কোচবিহার জেলার মাথাভাঙ্গা মহকুমা শহরের পুজো গাইড প্রকাশ করলেন জেলা পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য। বৃহস্পতিবার বিকালে মাথাভাঙ্গা মহকুমা পুলিশ আধিকারিক এর কার্যালয়ে আয়োজিত হয় এই পুজো গাইড ম্যাপ প্রকাশ অনুষ্ঠান। উপস্থিত ছিলেন কোচবিহার জেলার অতিরিক্ত পুলিশ সুপার সন্দীপ গড়াই, মাথাভাঙ্গা মহকুমা পুলিশ আধিকারিক সমরেন হালদার, আইসি মাথাভাঙ্গা থানা ও অন্যান্য পুলিশ আধিকারিক ও কর্মীগন। পুজো গাইড ম্যাপ প্রকাশ অনুষ্ঠানেই আটচল্লিশটি হারানো মোবাইল ফোন প্রকৃত মালিকদের হাতে ফেরত দেওয়া হয়।জানা গেছে সাম্প্রতিক সময়ে হারিয়ে যাওয়া মোবাইল ফোনের মালিকদের অভিযোগের ভিত্তিতে তদন্ত করে এই মোবাইল ফোন গুলি উদ্ধার করা হয় ও প্রকৃত মালিকদের শনাক্তকরনের পর তাদের হাতে মোবাইল ফোন গুলি ফেরত দেওয়া হয়। বেশ কিছু দুস্থ মানুষের হাতে জেলা পুলিশের পক্ষ থেকে দেওয়া হয় নতুন বস্ত্র। পুলিশ সুপার জানান পুজোর মুখে দুস্থ মানুষগুলির মুখে হাসি ফোটানোর লক্ষ্যেই এই বস্ত্র বিতরন। অপরদিকে কোচবিহার জেলা পুলিশ কার্যালয়ে জেলা পুলিশের উদ্যোগে ও জেলাশাসক অরবিন্দ কুমার মীনা, জেলা পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্যের উপস্থিতিতে প্রকাশিত হয় কোচবিহার শহরের পুজোর গাইড ম্যাপ। পুলিশ সূত্রে জানানো হয় জেলার সদর শহরে পুজোয় যানবাহন চলাচল নিয়ন্ত্রন ও জেলা শহরে আগত দর্শনার্থীদের সুবিধার জন্য এই গাইড ম্যাপ প্রকাশ করা হয়েছে।

## কুমারগ্রামের বারোবিশার একটি ক্লাবের পুজোর ভার্চুয়ালি উদ্বোধন করলেন মুখ্যমন্ত্রী



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২৫ সেপ্টেম্বর : বৃহস্পতিবার সন্ধ্যায় আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম ব্লকের বারোবিশায় একটি ক্লাবের দুর্গা পুজোর ভার্চুয়ালি উদ্বোধন করলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মুখ্যমন্ত্রীর ভার্চুয়াল উদ্বোধন এর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যসভার সাংসদ প্রকাশ চিক বরাইক, আলিপুরদুয়ার এর জেলাশাসক আর বিমলা, পুলিশ সুপার ওয়াই রঘুবংশী, কুমারগ্রাম পঞ্চায়েত সমিতির সভাপতি জুলি লামা সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিগন। মুখ্যমন্ত্রীর ভার্চুয়াল উদ্বোধন এর পর উপস্থিত সকলে পুজো মন্ডপে প্রদীপ জ্বালিয়ে আনুষ্ঠানিক ভাবে পুজোর উদ্বোধন করেন। ক্লাব কর্তৃপক্ষ সকলকে ধন্যবাদ জানিয়েছেন।

## আলিপুরদুয়ার জেলা হাসপাতাল পরিদর্শনে সুপার



মলয় দেবনাথ, এই যুগ ,আলিপুরদুয়ার, ২৫ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার জেলা হাসপাতালের প্রত্যেকটি ওয়ার্ড পরিদর্শন করলেন আলিপুরদুয়ার জেলা হাসপাতালের সুপার পরিতোষ মন্ডল এমনটাই জানা গেছে বৃহস্পতিবার বিকেল চারটা নাগাদ। এদিন হাসপাতালে ভর্তি থাকা রোগীদের সঙ্গে কথা বলেন সুপার পরিতোষ মন্ডল ।এছাড়াও হাসপাতালে আসা রোগীর আত্মীয় পরিজনদের সঙ্গেও কথা বলেন সুপার। তাদের কোন সমস্যা হচ্ছে কিনা সেটাও জেনে নেন সুপার রোগীর আত্মীয়-স্বজনদের কাছ থেকে।

## মালদহ জেলা পুলিশের বিভিন্ন থানায় দুর্গাপুজোর সরকারি অনুদানের চেক বিতরন কর্মসূচি



নিজস্ব সংবাদদাতা,এই যুগ ,মালদহ, ২৫ সেপ্টেম্বর : মালদহ জেলা পুলিশের বিভিন্ন থানায় বৃহস্পতিবার আয়োজিত হয় বিভিন্ন পুজো কমিটিগুলোকে সরকারি চেক বিতরন কর্মসূচি। জানা গেছে জেলার থানা এলাকাগুলোর যেসব পুজো কমিটি আসান পোর্টালে পুজো অনুদান পাবার জন্য আবেদন জানিয়েছিলো সেসব পুজো কমিটিগুলোর প্রতিটি কে সরকারি অনুদানেরএক লক্ষ দশ হাজার টাকার চেক দেওয়া হয়েছে। পাশাপাশি পুজো কমিটিগুলোকে পুলিশের পক্ষ থেকে পরামর্শ সহ পুজো প্যান্ডেলের নিরাপত্তা, দর্শনার্থীদের পুজো দেখতে যাতে কোনো অসুবিধা না হয় সে বিষয়ে উদ্যোক্তাদের দায়িত্ববোধ, প্যান্ডেলে জরুরি কালীন নিরাপত্তার ব্যবস্থা, অগ্নি নির্বাপন ব্যবস্থা, যানবাহন চলাচলে নিয়ন্ত্রন প্রভৃতি বিষয়ে ও নির্দেশনা দেওয়া হয়। শারদ উৎসব নির্বিঘ্নে সম্পন্ন করে উৎসবের আনন্দ সকলে উপভোগ করুক এই আশা রেখে জেলাবাসীকে শারদ শুভেচ্ছা জানানো হয়েছে জেলা পুলিশের পক্ষ থেকে।

# স্বস্তির নিঃশ্বাস ফেললেন জনতা বাইসন ফিরে যাওয়ায়



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ সেপ্টেম্বর : দিনভর তল্লাশির পর অবশেষে বনদপ্তরের কর্মকর্তারা বৃহস্পতিবার বিকেল পাঁচটা নাগাদ স্পষ্টভাবে জানিয়ে দিয়েছেন বক্সা জঙ্গল থেকে বেরিয়ে আসা বাইসন জঙ্গলেই ফিরে গেছে। মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের বালাবাড়ি এলাকায় পায়ের ছাপ পাওয়া গেছে বৃহস্পতিবার বিকেল চারটে নাগাদ। বক্সা ব্যাঘ্র প্রকল্পের বিভিন্ন রেঞ্জের বনকর্মীরা এদিন সকাল থেকেই বিভিন্ন এলাকায় তল্লাশি চালায়। বেলা বারোটা নাগাদ পূর্ব চেপানি এলাকায় পায়ের ছাপ দেখা গেছে ধানক্ষেতের ভিতর দিয়ে বালা বাড়ি এলাকার দিকে যাওয়ার। ঠিক এই পথেই বাইসন উত্তর মজিদখানায় এসেছিল তার প্রমাণও পেয়েছেন বনদপ্তরের কর্মীরা। পাশাপাশি দুটি লাইন রয়েছে পায়ের ছাপের তার মধ্যে একটি আসার এবং অপরটি যাওয়ার। এদিন কামাখ্যাগুড়ি মোবাইল রেঞ্জ,  সাউথ রায়ডাক রেঞ্জ, এ ডি এফ ও অরিজিৎ বসু ও সায়ক দত্ত দুজনেই দিনভর বন কর্মীদের সঙ্গে ছিলেন। বালা বাড়ি এলাকায় রায়ডাক এক নম্বর নদীর চরেও পায়ের ছাপ পাওয়া গেছে।

# বৈধ কাগজপত্র না থাকায় আটক গাড়ি, জরিমানা মোটা অংকের




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ সেপ্টেম্বর : ৩১ নং জাতীয় সড়কের মহাকাল চৌপথী থেকে একটি গাড়ি কে আটক করে শামুকতলা রোড পুলিশ ফাঁড়ির হেফাজতে রেখেছেন মোটর ভেইক্যাল দপ্তর এমনটাই জানা গেছে শামুকতলা রোড ফাঁড়ির পুলিশের কাছ থেকে বৃহস্পতিবার বিকেল ছয়টা নাগাদ। বৈধ কাগজপত্র না থাকায় গাড়ির মালিককে মোটা অংকের জরিমানা করা হয়েছে। জরিমানার পাশাপাশি একটি মামলা হবে জানা গেছে পুলিশের কাছ থেকে।

# শেষ দিনেও বোনাস পেল না তুরতুরি চা বাগানের শ্রমিকরা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ সেপ্টেম্বর : বৃহস্পতিবার রাত পর্যন্ত বোনাস নিয়ে কোন সিদ্ধান্ত নিতে পারল না বাগান কর্তৃপক্ষ। ২০ শতাংশ বোনাস দেওয়ার কথা থাকলেও বাগান কর্তৃপক্ষ দশ শতাংশ বোনাস দিতে চাইছে। ফলে বোনাস সমস্যা মিটলো না তুরতুরি চা বাগানে এমনটাই জানা গেছে বৃহস্পতিবার রাত ন'টা নাগাদ। দিনভর টানা পূরণ চলছে মালিক পক্ষ এবং শ্রমিকদের। দিন শেষে রাত হলেও বোনাস সমস্যা মেটেনি শ্রমিকদের। ডুয়ার্সের আলিপুরদুয়ার জেলার বৃহত্তম হাট বলে পরিচিত শামুকতলা। আর সেই শামুকতলা হাট বসে সপ্তাহে একদিন শুক্রবার। অর্থাৎ রাত পোহালে শুক্রবারেও বোনাসের বাজার করতে পারছেন না তুরতুরি চা বাগানের শ্রমিকরা। আশায় বুক বেঁধেছিলেন বৃহস্পতিবারে বোনাসের টাকা হাতে পেয়ে শুক্রবার নতুন জামা কাপড় কিনে ঘরে ফিরবেন চা শ্রমিকরা। সরকারিভাবে ঘোষণা করা হয়েছিল ১৫ ই সেপ্টেম্বরের মধ্যে বোনাসের টাকা মিটিয়ে দেওয়ার কিন্তু এরই মধ্যে কেটে গেছে আরো দশ দিন কিন্তু সমস্যা মেটেনি শামুকতলা থানার তুরতুরি চা বাগানের শ্রমিকদের।



# পন্ডিত দীনদয়াল উপাধ্যায় এর একশো নয়তম জন্মবার্ষিকী উদযাপন




সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২৫ সেপ্টেম্বর : পন্ডিত দীনদয়াল উপাধ্যায় এর একশো নয় তম জন্মবার্ষিকী উদযাপন করা হলো আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম ব্লকের চ্যাংমারি গ্রাম পঞ্চায়েতের হেমাগুড়িতে। বৃহস্পতিবার এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কুমারগ্রামের বিধায়ক মনোজ কুমার ওঁরাও, বিজেপির আলিপুরদুয়ার জেলা সম্পাদক বিপ্লব দাস, কুমারগ্রাম পঞ্চায়েত সমিতির বিরোধী দলনেতা ললিত দাস সহ অন্যান্যরা। অনুষ্ঠানের শুরুতেই পন্ডিত দীনদয়াল উপাধ্যায় এর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান বিধায়ক মনোজ কুমার ওঁরাও, জেলা সম্পাদক বিপ্লব দাস সহ উপস্থিত সকলে। এরপর বিধায়কের নেতৃত্বে হেমাগুড়ি শিব মন্দির প্রাঙ্গনে চালানো হয় স্বচ্ছতা অভিযান। বিধায়ক জানান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পঁচাত্তরতম জন্মদিন উপলক্ষ্যে চলছে সেবা পক্ষকাল। এদিন সেবা পক্ষকাল উপলক্ষ্যে এই সাফাই অভিযান। অনুষ্ঠানে বেশ কিছু মানুষের হাতে বিধায়ক নতুন বস্ত্র তুলে দিয়ে জানান সামনে পুজো উপলক্ষ্যে।এই বস্ত্র বিতরন করা হয়েছে।


# হাতির হানায় জখম এক ব্যক্তি




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ সেপ্টেম্বর : হাতির হানায় গুরুতর আহত হয়ে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে চিকিৎসাধীন নর্থ রায়ডাক রেঞ্জ এলাকার বাসিন্দা। গুরুতর জখম ব্যক্তির চিকিৎসা চলছে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে এমনটাই জানা গেল হাসপাতালে গিয়ে বৃহস্পতিবার বেলা বারোটা নাগাদ। বুধবার গভীর রাতে তিনি আক্রান্ত হন । রাতেই তাকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। আহত ব্যক্তির নাম ফিলিপ খাঁখাঁ। বনদপ্তর এর পক্ষ থেকে জানা গেছে আহত ব্যক্তির পরিবারের সঙ্গে তাদের যোগাযোগ রয়েছে।


# হলি ডে হোম বুকিং





**পশ্চিমবঙ্গ সহ ভিন রাজ্যের বিভিন্ন দর্শনীয় ভ্রমণের জায়গায় হোটেল,রিসোর্ট,হোম স্টে সহজেই বুকিং করতে যোগাযোগ করুন "এই যুগ" অফিসে। ফোন নং : ৯০৬২৮৬৭৯২১ ।**


EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |